দৈনিক ইনকিলাব

তারিখ 17 MAY 1997
পৃষ্ঠা ১ কলাম ১

# সরকার ভারতীয় প্রভুদের নির্দেশে দেশের শিক্ষা ব্যবস্থা ধ্বংস করেছে

## —ছাত্রদল নেতৃবৃন্দ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : জাতীয়তাবাদী ছাত্রদল নেতৃবৃন্দ বলেছেন, বর্তমান সরকার তার ভারতীয় প্রভুদের নির্দেশে এ দেশের শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করে দেয়ার প্রক্রিয়া শুরু করেছে। '৭২-৭৫-এর মতো আবার কেবল দলীয় পরিচয়ে অযোগ্য, দ্বিতীয় শ্রেণীপ্রাপ্ত, নকলবাজ ব্যক্তিদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হিসেবে নিয়োগ দেয়া হচ্ছে। তারা বলেন, ইসলামের ইতিহাস বিভাগে নকলের দায়ে শাস্তিপ্রাপ্ত ব্যক্তিকে শিক্ষক নিয়োগের ঘটনা, বিশ্ববিদ্যালয়

১১-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## ছাত্র দল নেতৃবৃন্দ

প্রথম পৃষ্ঠার পর

কর্তৃপক্ষের স্বীকার করা এবং তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিতে ভিসির নির্দেশ প্রদানের ঘটনা প্রমাণ করেছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসন বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগে ব্যাপক অনিয়মের আশ্রয় নিয়েছে। তারা এর বিরুদ্ধে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, যোগ্য, মেধাবী প্রার্থীদের বাদ দিয়ে সম্পূর্ণ দলীয় বিবেচনায় শিক্ষক নিয়োগ চলবে না। ছাত্রদল এ চরম অনিয়ম ও নগ্ন দলীয়করণ প্রতিহত করবে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষার্থীদের স্বাগত জানিয়ে অনুষ্ঠিত মিছিল শেষে ডাকসু ভবনের সামনে এক সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ একথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের আহবায়ক নাসিরুদ্দীন আহমেদ অসীমের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় ছাত্রদলের সহ-সভাপতি মঞ্জুর এলাহী, সাংগঠনিক সম্পাদক মনোয়ার হোসেন রানা, যুগ্ম সম্পাদক সাহাবুদ্দীন লাল্টু, সহ-সাধারণ সম্পাদিকা হেলেন জেরীন খান, প্রচার সম্পাদক মনির হোসেন, সহ-প্রচার সম্পাদক ও ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের যুগ্ম আহবায়ক সেলিমুজ্জামান সেলিম। তিনটি মাইক্রোবাসে আরোহী গোয়েন্দা পুলিশ এবং ২টি জীপ ও ১টি ভ্যানে আরোহী পোশাকধারী পুলিশ সমাবেশটিকে ঘিরে রাখে। ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য থেকে প্রফেসর আজাদ চৌধুরী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি হয়ে বিশ্ববিদ্যালয়কে আওয়ামীকরণের প্রক্রিয়া শুরু করেছেন। এ জন্য একদিকে দলীয় লোকদের শিক্ষক-কর্মকর্তা পদে নিয়োগ দিচ্ছেন, অন্যদিকে ছাত্রদের কণ্ঠরোধ করতে ডাকসু বাতিলের ষড়যন্ত্র করছেন। জনাব মঞ্জুর এলাহী এই ষড়যন্ত্র বন্ধ করার আহবান জানিয়ে বলেন, এই ডাকসু ভাঙ্গা যাবে না, এই ডাকসু বহাল রেখেই উপযোগী পরিবেশ সৃষ্টি করে নতুন ডাকসু নির্বাচন অনুষ্ঠান করতে হবে। ছাত্রদলকে বাদ দিয়ে এ ব্যাপারে কোন সিদ্ধান্ত নেয়া হলে ছাত্রদল তার দাঁতভাঙ্গা জবাব দেবে।

জনাব নাসিরুদ্দীন অসীম বলেন, ঢাকা বিশ্ববিদালয়ের মার্কেটিং, সমাজ বিজ্ঞান, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, বাংলা, ভাষা তত্ত্বসহ বিভিন্ন বিভাগে দলীয়করণের মাধ্যমে নিয়োগ দেয়া শিক্ষকদের নিয়োগ বাতিল করতে হবে। ছাত্র নেতাদের হুমকি দিয়ে, মামলা দায়ের করে লাভ হবে না। প্রয়োজনে ছাত্রদল কঠোর কর্মসূচী দেবে।